

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৪১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীরা যখন আরাফায় অবস্থান করেন, তখন মহান আল্লাহ তাদের নিয়ে ফেরেস্তুদের নিকট গর্ব করেন
মর্মে বর্ণনা

ذَكَرُ مُبَاهَاةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَلَائِكَتَهُ بِالْحَاجِّ عِنْدَ وَقُوفِهِمْ بِعَرَفَاتٍ

আরবী

3841 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ يُبَاهِي بِأَهْلِ عَرَفَاتٍ مَلَائِكَةَ أَهْلِ السَّمَاءِ فَيَقُولُ: انْظُرُوا إِلَى عِبَادِي هَؤُلَاءِ جَاءُونِي شُعْتًا غُبْرًا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3841 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/117 و 128).

বাংলা

৩৮৪১. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ আরাফায় অবস্থানকারীদের নিয়ে আসমানের অধিবাসী ফেরেস্তুদের নিয়ে গর্ব করেন। তিনি বলেন, “তোমরা আমার এসব বান্দাদেরকে দেখো, তারা এলোমেলো চুল ও ধুলিমলিন চেহারায় আমার কাছে এসেছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩০৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৩৯; হাকিম: ১/৪৬৫; সুনান বাইহাকী: ৫/৫৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/২৫২; তাবারানী আস সাগীর: ৫৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/১১৭, ১২৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93180>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন